গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
মনিটরিং শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৫.৯৯.০০১.১৭-.৩৪

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০
০১ নভেম্বর ২০২৩

বিষয়: **তুলা ফসলের জরুরী বার্তা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক নিম্নচাপ জনিত কারনে কিছু কিছু তুলার জমির প্রথম ফ্লাসের ফুল ও কুড়ি ঝড়ে পড়েছে এবং কোন কোন এলাকায় ফসল পানিকে নিমজ্জিত হয়ে ফসলের ক্ষতি সাধিত হয়েছে। এ বিষয়ে ইতিপূর্বেও অত্র দপ্তর হতে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায় তুলা ফসলের অধিক ফলন নিশ্চিকরণের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরনে ফসল ব্যবস্থাপনা নিশ্চিতকরার জন্য বলা হলো।

**১।সেচ ও সার প্রয়োগঃ**

অধিক ফলনের জন্য সেচ একটি গুরুতপূর্ণ বিষয়। বিশেষ করে গাছে ফুল-কুড়ি আসার সময় যদি সেচের প্রয়োজন হয় তাহলে অবশ্যই দেরি না করে সেচ দিতে হবে। সেই সাথে প্রয়োজনে বিঘাপ্রতি ৮ কেজি ইউরিয়া/ডিএপি ও ৫ কেজি পটাশ সার ও ক্ষেত্র বিশেষে বোরণ ও জিপসাম মাটিতে প্রয়োগ করতে হবে। এছাড়া সেচের সুবিধা বিহীন জমিতে ইউরিয়া, পটাশ ও বোরন সার ফলিয়ার স্প্রে করতে হবে । এছাড়াও গাছের গোড়া বাধাই করা অত্যন্ত জরুরী এবং অতি খরা রোধে মালচিং করে দিতে হবে।

**২।ফুল, কুড়ি ও বোল ঝড়া রোধঃ**

ফুল, কুড়ি ও বোল ঝড়া রোধের জন্য ন্যাফথালিন অ্যাসিটিক অ্যাসিড, জিবারালিক এসিড বা এ জাতীয় গ্রোথ হরমোন পরিমানমত ব্যবহার করতে হবে।

**৩। বোল পঁচা রোগ দমনঃ**

অতিরিক্ত কুয়াঁশা জনিত কারণে তুলা ফসলে বোল পঁচা রোগ দমনের জন্য ম্যানকোজেব গ্রুপের অথবা মিশ্র গ্রুপের ছত্রাকনাশক স্প্রে করতে হবে।

**৪। জ্যাসিড নিয়ন্ত্রনঃ**

জ্যাসিড নিয়ন্ত্রনের জন্য গাছের পাতার নীচে স্প্রে করতে হবে এবং পাতার শিরায় জ্যাসিডের ডিম ফুটে আবারো সংখ্যায় বৃদ্ধি পাওয়ার আশংকা রোধের জন্য একটি স্প্রের ৩ দিনের অন্য গ্রুপের কীটনাশক স্প্রে করতে হবে। আর আঁচা পোকার আক্রমন দেখা দিলে হাত বাছাই করে ২ গ্রুপের কীটনাশক প্রয়োগ করতে হবে। এছাড়াও বোলওয়ার্ম পোকা দমনের জন্য হাতবাছাই পূর্বক ২য় গ্রুপের উপযুক্ত কীটনাশক স্প্রে করতে হবে। জমিতে ডাল অথবা ফেরোমন ট্র্যাপ স্থাপনের ব্যবস্থা গ্রহন করতে হবে।

**৫। রুপালী বাম্পার প্রয়োগঃ**

ফসলের অঙ্গাজ বৃদ্ধির ধরণ অনুযায়ী গাছের বৃদ্ধি রোধ, গাছ শক্ত, পাতা পুরু ও গাঢ় সবুজ করার জন্য প্রয়োজনে প্রতি লিটার পানিতে ২ এমএল রুপালী বাম্পার মিশ্রিত করে গাছের শীর্ষ ডগায় স্প্রে করতে হবে। গাছের বৃদ্ধির উপর ভিত্তি করে ১০-১৫ দিন অন্তর অন্তর ৩-৫ বার রুপালী বাম্পার স্প্রে করতে হবে।

তুলা ফসলের অবস্থা সম্পর্কে সিসিডিওগন নিয়মিতভাবে সংশ্লিষ্ট উপপরিচালককে অবহিত করবেন এবং উপপরিচালকগন নিয়মিতভাবে ফসলের অবস্থা এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন। ফসলের সঠিক পরির্চযা নিশ্চিতকরণে মাঠ কর্মী/কর্মকর্তাদের জরুরী প্রয়োজন ছাড়া ছুটি পরিহার করতে হবে এবং সকল মাঠ কর্মী/কর্মকর্তাদের স্টেশনে অবস্থান করে ফসলের পরির্চযা নিশ্চিত করতে হবে। সদর দপ্তরের অঞ্চল ভিত্তিক ফোকাল পয়েন্টদেরকে সার্বক্ষনিকভাবে মাঠের সাথে যোগাযোগ রেখে ফসলের পরির্চযা নিশ্চিত করতে হবে।

১-১১-২০২৩